উপজেলা পরিষদ কার্যালয়
দুপচাঁচিয়া, বগুড়া।

## জুন/২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ-

সভাপতি ঃ মোঃ ফজলুল হক প্রামানিক
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, দুপচাঁচিয়া, বগুড়া।

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ ।
তারিখ ঃ ১৫/০৬/২০২২খ্রিঃ।
সময় ঃ বেলা ১০.০০ টা।

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ঠ ''ক'' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি মহোদয় Covid-19 প্রতিরোধে এ প্রয়োজনীয় বিভিন্ন ধরনের পদক্ষেপ/উদ্যোগ এর কথা উপস্থাপন করেন। এ বিষয়ে সকলের মতামত ও পরামর্শের কামনা করেন। অতঃপর গত মে/২২ মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। গত মে/২২ মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব আছে কি-না তা জানানোর জন্য অনুরোধ করেন । গত মে/২২ মাসের কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহিত হয়। অতঃপর আলোচ্য সূচি মোতাবেক আলোচ্য মাসের বিষয় ভিত্তিক অনুযায়ী বিভিন্ন দপ্তরের মাসের বিভাগওয়ারী আলোচনা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রঃ নং | আলোচক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। হাসপাতালে ঔষধ ও স্যালাইন মজুদ সন্তোষজনক। মহামারি বা অন্য কোন জটিল অজ্ঞাত রোগ দেখা যায় নি। মে/২২ মাসের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে যে স্বাস্থ্য সেবা দেয়া হয়, তাঁর তথ্যাদি নিম্নে উল্লেখ করা হলো ঃ- আন্তঃ বিভাগ ৬৮৭ জন, জরুরী ১১৬২ জন, বহিঃ বিভাগ ৭৯২৭ জন, কমিউনিটি ক্লিনিকে ১৮৭৭৬ জন রোগীকে চিকিৎসা সেবা দেয়া হয়েছে। এ ছাড়াও জরুরী বিভাগে বিষপানজনিত রোগীর সেবা দেয়া হয়েছে ২৩ জন। আন্তবিভাগে বেড অকুপেনসী ৯৩%। ইপিআই লক্ষ্যমাত্রা ১০০% কভারেজ। হাসপাতাল কমিউনিটি ক্লিনিক ও স্কুলে স্বাস্থ্য শিক্ষা প্রদান ১১৯০৮ জন। আন্ত বিভাগে মৃত্যু কোন মৃত্যু নাই মাঠ পর্যায়ে শিশু মৃত্যু ০১ জন। ল্যাবরেটরীতে ২৫৪ জন সন্দেহজনক যক্ষা রোগীর কফ পরীক্ষা করা হয় ০৮ জন যক্ষা রোগী সনাক্ত করা হয়। সনাক্তকৃত যক্ষা রোগীদের বিনামূল্যে ঔষধসহ চিকিৎসা সেবা প্রদান করা হয়।<br>সরকারী সিদ্ধান্ত মোতাবেক সারাদেশ ব্যাপী ০৪ থেকে০৭ জুন ০৪ দিন ব্যাপী জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন অনুষ্ঠিত হবে। দুপচাঁচিয়া উপজেলায় জাতীয় এ প্লাস ক্যাম্পেইন কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন ও প্রচারণার জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।<br>দুপচাঁচিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে অপারেশন থিয়েটারে গত ১৬/০১/২০১৮ তারিখ চালুর উদ্বোধন করা হয় এবং এবং ০২ মাস অপারেশন থিয়েটার বন্ধ থাকার পর বর্তমানে ০৩ জন বিশেষজ্ঞ চিকিৎসক জুনিয়র কনসালটেন্ড যোগদান করায় পুনরায় সপ্তাহে ০২ দিন (রবি ও বুধবার) সিজারিয়ানসহ ও অন্যান্য সাধারণ কার্যক্রম চালু আছে। মোট ইউজার ফি আদায় হয়েছে =১,৪১,৫৬২/- টাকা।<br>তিনি আরও জানান যে, অত্র হাসপাতালের গেট নির্মান করার জন্য অবৈধ দোকান অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে করোনা রোগীর ভ্যাকসিন গ্রহণের জন্য সকলকে উদ্বুদ্ধকরণ সহ ব্যপক প্রচারের অনুরোধ করা হলো। চিকিৎসা সেবার ক্ষেত্রে কেউ যেন হয়রানীর শিকার না হয় সেজন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে অনুরোধ করা হলো। কমিউনিটি ক্লিনিকগুলোতে পরিদর্শন কার্যক্রম বাড়ানোর পদক্ষেপ নিতে অনুরোধ করা হলো।<br>অত্র হাসপাতালের গেট নির্মাণ করার জন্য অবৈধ দোকান অপসারণের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাহী অফিসার উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার এবং চেয়ারম্যান সকল ইউপি |

| ক্রঃ নং | আলোচক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২ | উপজেলা প্রকৌশলী | <u>আলোচনা-১</u><br>তিনি জানান যে, যে সকল গুরুত্বপূর্ণ সড়কসমূহের আইডি নেই অর্থাৎ এলজিইডির রোড ইনভেনটরিতে অর্ন্তভুক্ত হয়নি সে সকল সড়কসমূহের আইডি অর্ন্তভুক্ত করার জন্য প্রস্তাব করেন। প্রস্তাবিত সড়কের তালিকা "পরিশিষ্ট খ" তে দেখানো হয়েছে।<br><u>আলোচনা-২</u><br>তিনি আরো জানান যে, ২০২১-২০২২ অর্থবছরের উন্নয়ন সংশোধিত বাজেট "ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা" খাতের আওতায় ইউনিয়নের অনগ্রসরতা, প্রাকৃতিক দুর্যোগ এবং কোভিড-১৯ মোকাবেলায় ২৫ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায় তন্মধ্যে সাত লক্ষ পঞ্চাশ হাজার টাকা পিআইসি এর মাধ্যমে এবং অবশিষ্ট সতের লক্ষ পঞ্চাশ হাজার টাকা আরএফকিউ এর মাধ্যমে ব্যয়ের প্রস্তাব করেন।<br><br>**প্রকল্প কমিটি রুপরেখাঃ**<br><u>বড় নিলাহালী লুৎফরের বাড়ী হতে রুবেলের বাড়িমুখী ড্রেন নির্মাণঃ</u><br>১। মোঃ আঃ বারিক, (ইউপি সদস্য, গোবিন্দপুর)- সভাপতি<br>২। মোঃ রমজান আলী (সমাজসেবক)- সচিব<br>৩। মোঃ আব্দুল করিম (গন্যমান্য ব্যক্তি)- সদস্য<br>৪। মোঃ সামাদ আলী (আনছার ভিডিপি)- সদস্য<br>৫। মোঃ আয়ুব আলী (বীর মুক্তিযোদ্ধা)-সদস্য<br>৬। মোঃ আব্দুল মজিদ (শিক্ষক)- সদস্য<br>৭। মোঃ আক্কাশ আলী (ইমাম)- সদস্য<br><br><u>বড় নিলাহালী রাজুর বাড়ী হতে আবু বক্করের বাড়িমুখী ড্রেন নির্মাণঃ</u><br>১। মোঃ আকরাম হোসেন (ইউপি সদস্য, গোবিন্দপুর)- সভাপতি<br>২। মোঃ গোলাম মোস্তফা (সমাজসেবক)- সচিব<br>৩। মোঃ হাফিজুর রহমান (গন্যমান্য ব্যক্তি)- সদস্য<br>৪। মোঃ শাহিদুল ইসলাম (শিক্ষক)- সদস্য<br>৫। মোঃ আবু বকর (আনছার ভিডিপি)- সদস্য<br>৬। মোঃ আযহার আলী (বীর মুক্তিযোদ্ধা)-সদস্য<br>৭। মোঃ রেজাউল করিম (ইমাম)- সদস্য<br><br><u>বড় নিলাহালী তোসমেলের বাড়ী হতে ফজলুর বাড়িমুখী ড্রেন নির্মাণঃ</u><br>১। মোছাঃ একতারা বানু, (ইউপি সদস্য, গোবিন্দপুর)- সভাপতি<br>২। মোঃ বেলাল হোসেন (সমাজসেবক)- সচিব<br>৩। মোঃ আব্দুস সামাদ (গন্যমান্য ব্যক্তি)- সদস্য<br>৪। মোঃ বুলবুল আহমেদ (আনছার ভিডিপি)- সদস্য<br>৫। মোঃ আশরাফ আলী (বীর মুক্তিযোদ্ধা)-সদস্য<br>৬। মোঃ রেজাউল করিম (শিক্ষক)- সদস্য<br>৭। মোঃ ইউনুস আলী (ইমাম)- সদস্য<br><br><u>বড় নিলাহালী লুৎফরের বাড়ী হতে রুবেলের বাড়িমুখী ড্রেন নির্মাণঃ</u><br>১। মোঃ আদম রানা, (ইউপি সদস্য, গোবিন্দপুর)- সভাপতি<br>২। মোঃ বাচ্চু মিয়া (সমাজসেবক)- সচিব<br>৩। মোঃ রায়হান আলী (গন্যমান্য ব্যক্তি)- সদস্য<br>৪। মোঃ হাতেম আলী (আনছার ভিডিপি)- সদস্য<br>৫। মোঃ ইজার আলী (বীর মুক্তিযোদ্ধা)-সদস্য<br>৬। মোঃ আবু বক্কর (শিক্ষক)- সদস্য<br>৭। মোঃ আক্কাশ আলী (ইমাম)- সদস্য | <u>সিদ্ধান্ত-১</u><br>সভায় বিস্তারিত আলোচনান্তে এলজিইডির আইডিতে অর্ন্তভুক্ত হয়নি এরুপ "পরিশিষ্ট খ" তে উল্লেখিত সড়কগুলো আইডি অর্ন্তভুক্ত করার জন্য প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহিত গৃহিত হয়।<br><u>সিদ্ধান্ত-২</u><br>সভায় বিস্তারিত আলোচনান্তে ২০২১-২০২২ অর্থবছরের উন্নয়ন সংশোধিত বাজেট "ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা" খাতের আওতায় ইউনিয়নের অনগ্রসরতা, প্রাকৃতিক দুর্যোগ এবং কোভিড-১৯ মোকাবেলায় বরাদ্দ পচিঁশ লক্ষ টাকা এর মধ্যে সাত লক্ষ পঞ্চাশ হাজার টাকা পিআইসি এর মাধ্যমে এবং অবশিষ্ট সতের লক্ষ পঞ্চাশ হাজার টাকা আরএফকিউ এর মাধ্যমে ব্যয়ের প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।<br><u>সিদ্ধান্ত-৩</u><br>আগামী সভায় বিস্তারিত আলোচনান্তে প্রকল্প গ্রহণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। | সভাপতি উপজেলা র্নিবাহী অফিসার উপজেলা প্রকৌশলী অফিসার (ইউপি চেয়ারম্যান (সকল)) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আলোচনা-৩<br>তিনি আরো জানান যে, উপজেলা পরিষদের গেজেটেড কোয়ার্টারের দোতলার পশ্চিম পাশের ইউনিট এর দেয়ালের রং, বৈদ্যুতিক লাইন, টয়লেট, রান্নাঘর, ফ্যান, বাল্ব, পানির লাইন নষ্ট হয়ে গেছে যা মেরামত করা প্রয়োজন। এক্ষেত্রে ২০২২-২০২৩ অর্থ বছরের উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহারের নির্দেশিকা ২০২০ এর ৩ (ছ) নং অনুচ্ছেদ মোতাবেক মেরামত খাতে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা প্রকল্প কমিটির মাধ্যমে ব্যয় করার প্রস্তাব করেন। | | |
| ০৩ | উপজেলা কৃষি অফিসার | ক) তিনি জানান যে, চলতি মৌসুমে অত্র উপজেলার আওতায় ১১৭০০ হেক্টর জমির ধান কর্তন করা হয়েছে। গড় ফলন ৩.৩০ (চালে)মধ্যে ৯৫০০ হেক্টও জমির ধান কর্তন করা হয়েছে। গড় ফলন ৩.৩০ (চালে)।<br>চলতি ২০২১-২০২২ অর্থ বছরে রবি মৌসুমে বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী বাস্তবায়ন চলমান রয়েছে।<br>সারের মজুদ ইউরিয়া-৩৯০মেঃ টন, টিএসপি ১০০ মেঃ টন, এমওপি -৫০ মেঃ টন, ডিএপি -৮৯০মেঃ টন। | সভায় বিস্তারিত আলোচনান্তে চলতি রোপা আমন মৌসুমে বীজতলা তৈরী ও খরিপ-২ ফসলের রোগ ও পোকামকড় দমন বিষয়ে কৃষকদের প্রয়োজনীয়- পরামর্শ প্রদান অব্যাহত রাখার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০৪ | উপজেলা প্রাণী সম্পদ অফিসার | তিনি জানান যে, গত মাসে উপজেলা প্রাণী সম্পদ ও ভেটেরিনারী হাসপাতালে ১৯৯২টি গবাদি প্রাণী ও ১৪০০৫ টি হাঁস মুরগীকে চিকিৎসা প্রদান করা হয়েছে ৮৬৬৮টি গবাদি প্রাণী ও ১৯২৯০০ টি হাঁস মুরগীকে টিকা প্রদান করা হয়। কৃত্রিম প্রজনন ও ভ্যাকসিন ফি ও খামার রেজিষ্টেশন বাবদ ৮৬৮০৫/- টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়ছে। এডিপি হতে ক্রয়কৃত জলাতঙ্ক ভ্যাকসিন হতে গত মাসে ৩২টি কুকুর কামরানো প্রাণীকে বিনামূল্যে ভ্যাকসিন প্রদান করা হয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ঝুকিপূর্ণ খামার পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে অনুরোধ করা হলো। | উপজেলা প্রাণী সম্পদ অফিসার |
| ০৫ | উপজেলা শিক্ষা অফিসার | তিনি জানান যে, ১) সংক্ষিপ্ত আকারে পাঠদান কার্যক্রম চলমান ।<br>২) বিদ্যালয় উন্নয়ন পরিকল্পনা (স্লিপ) এর কজ চলমান<br>৩) রুটিন মেইন্টেনেন্স এর কাজ চলমান।<br>৪) শিক্ষা কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২৬টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ২০২১-২০২২ অর্থ বছরের প্রতিটি বিদ্যালয়ে ২.০০ লক্ষ টাকা ৫২.০০ লক্ষ টাকার কাজ চলমান। | সভায় বিস্তারিত আলোচনান্তে সকল কার্যক্রম উপজেলা শিক্ষা অফিসারের মাধ্যমে প্রধান শিক্ষককে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হলো। | উপজেলা শিক্ষা অফিসার |
| ০৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | তিনি জানান যে, দাপ্তরিক কার্যাদি যথাযথভাবে পরিচালিত হচ্ছে। ইতোমধ্যে জাতীয় কর্মসূচির অংশ হিসেবে অত্র উপজেলার সেরা মেধাবী নির্বাচনের লক্ষে বিভিন্ন ক্যাটাগরি ও গ্রুপে সৃজনশীল মেধা অন্বেষন প্রতিযোগিতা/২২ এবং শ্রেষ্ট শিক্ষার্থী প্রতিষ্ঠান, প্রতিষ্ঠান প্রধান, শ্রেষ্ঠ শ্রেণী শিক্ষক, শ্রেষ্ঠ স্কাউট, শ্রেষ্ট রোভার এবং সহপাঠ্যক্রমিক কার্যক্রম হিসেবে১৪টি ইভেন্টে জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২২ অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতা ০২টি বেশ কিছু শিক্ষার্থী অত্র ম্যানেজিং কমিটি বা মাদ্রাসা ম্যানেজিং কমিটি গঠনে নানা ধরনের সমস্যা লেগেই থাকে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও তাঁর নেতৃত্বাধীন উপজেলা একাডেমিক সুপারভাইজারের মাধ্যমে উপজেলাস্থ প্রায় ৬০টি প্রতিষ্ঠান পরিদর্শন অব্যাহত আছে।<br>কোন সমস্যা নাই বর্তমানে মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পবিত্র রমজান ও ঈদুল ফিতরের বন্ধ রয়েছে।<br>বিগত ২৫, ২৬, ২৭ ও ২৮ ফেব্রুয়ারি ২০২২ খ্রিঃ এ যথাযোগ্য মর্যাদায় ৫০ তম জাতীয় শীতকালীন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উক্ত প্রতিযোগিতার পুরষ্কার ক্রয় ও অনুষ্ঠান আয়োজনের নিমিত্তে বকেয়া ৫০০০০/- টাকা উপজেলা পরিষদ হতে পুনঃ অনুদান আবেদন জানাচ্ছি। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রতিষ্ঠানগুলোতে পরিদর্শন কার্যক্রম বাড়ানোর পদক্ষেপ গ্রহণ করতে অনুরোধ করা হলো।<br>শিক্ষার মান উন্নয়নের নিমিত্তে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করতে অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য অফিসার |

| ক্রঃ নং | আলোচক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৭ | উপজেলা মৎস্য অফিসার | তিনি জানান যে, ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্পের অধীনে ০২টি সিবিজির কার্যক্রম ও ০৬টি প্রদর্শনী কার্যক্রম দেখভাল করা হচ্ছে।<br>এনএটিপি-২প্রকল্পের অধীন ১২ টি সিআইজির কার্যক্রম দেখভাল করা হচ্ছে।<br>রাজশাহী বিভাগে মৎস্য সম্পদ উন্নয়ন প্রকল্পের অধীনে স্থাপিত ০৪টি প্রদর্শনী পুকুরের কার্যক্রম দেখভাল করা হচ্ছে। উপজেলার ১০জন চাষির পুকুরে বিভিন্ন সমস্যা মোবাইল এ্যাপস এর মাধ্যমে পরামর্শ প্রদান করা হয়।<br>০১ লা নভেম্বর/২১ হতে ৩০ জুন/২২ পর্যন্ত জাটকা ধরা, পরিবহন, বিক্রি, বন্ধে অভিযাপন পরিচালনা হচ্ছে। এ সময় অত্র উপজেলার হাট বাজার, আড়ৎ বিভিন্ন স্থানে পরিবদর্শন করা হচ্ছে। জেলেদের নিবন্ধন ও জাতীয় পরিচয় প্রদান কার্যক্রমের আওতায় বাদপড়া জেলেদের তালিকায় অন্তর্ভুক্তি এবং মৃত/পেশা পরিবর্তনকারী জেলেদের নাম তালিকা হতে কর্তনের লক্ষে তালিকা হালনাগাদ কার্যক্রমের আওতায় আবেদনকৃত ৫০ জন জেলেদের খসড়া তালিকা তৈরী করা হয়েছে। যাচাই বাছাই অন্তে চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে। যাচাই বাছাইকালে সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়ের সহযোগিতা কামনা করছি। | ব্যাক্তিমালিকানাধীন পুকুর এবং মৎস্য চাষিদের পুকুর পরিদর্শন কার্যক্রম বাড়ানো এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান অব্যাহত রাখতে অনুরোধ করা হলো। | মেয়র দুপচাঁচিয়া/ তালোড়া পৌরসভা, চেয়ারম্যান (সকল) উপজেলা মৎস্য অফিসার |
| ০৮ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মে/২২ মাসে মোট সক্ষম দম্পতির সংখ্যা ৪৪২৭৭ জন, মোট গ্রহণকারী ৩৬৩০৭, গ্রহণকারীর হার সিএআর ৮২.০০%<br>মোট গর্ভবতী ৯০৮ জন, গর্ভকালীন পরিচর্যা (এএনসি)৩০০ জন, ডেলিভেরী ১৯ জন, প্রসবোত্তর পরিচর্যা (পিএনসি)১৪১, সেবাপ্রাপ্ত শিশু ৮১২ জন, সাধারণ রোগী ১৬৫৩ জন, মোট জীবিত জন্ম ১৪৬ জন, মোট মৃত্যু ৪৭ জন, শিশু মৃত্যু ০০, মাতৃমৃত্যু ০০।<br>আবাসন প্রকল্পের প্রতিবেদনঃ মাসের গোবিন্দপুর ইউনিয়নের মোরগ্রাম আবাসন প্রকল্পের প্রতিবেদনঃ ব্যারাক সংখ্যা-০৭, হাউজের সংখ্যাঃ ৭০, জনসংখ্যাঃ ২৫৮, দম্পতি সংখ্যা ৫৯ জন। মোট পদ্ধতি গ্রহণকারীর সংখ্যা ৪৮ জন, সিএআর ৮১.৩৫%। | দুপচাঁচিয়া মা ও শিশু কল্যাণ কেন্দ্রে বিনা মূল্যে ২৪ ঘন্টা নিরাপদ প্রসব সেবা প্রদান করা হচ্ছে এ বিষয়ে ব্যপক প্রচার ও প্রচারণা ও সেবা গ্রহীতাদের উদ্বুদ্ধকরণে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করতে অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার ও চেয়ারম্যান (সকল) |
| ০৯ | উপজেলা সমাজ সেবা অফিসার | সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতার অসচ্ছল প্রতিবন্ধী ভাতা এবং শিক্ষা উপবৃত্তির টাকা জিটুপি পদ্ধতিতে পরিশোধ কার্যক্রম চলমান আছে। জিটুপি পদ্ধতিতে ২০২১-২০২২ অর্থ বছরের ৪র্থ কিস্তির পে-রোল প্রদান করা হবে। বাংলাদেশ ব্যাংক থেকে ইএফটি প্রক্রিয়ায় ভাতাভোগীরা অর্থ পাচ্ছেন।<br>সামাজিক নিরাপত্তার কর্মসূচির আওতায় ইউনিয়ন পরিষদ হতে বয়স্ক, বিধবা ও প্রতিবনধী ভাতার প্রতিস্থাপনের জন্য তালিকা পাওয়া গেছে।<br>ক্যান্সার কিডনীসহ নির্ধারিত মোট ০৬টি রোগের জন্য দুপচাঁচিয়াতে আবেদন জমা গ্রহণ ও চলমান রয়েছে।<br>সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় পল্লী সমাজসেবা কার্যক্রম, পল্লী মাতৃকেন্দ কার্যক্রম এবং দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদেও পুনর্বাসন কার্যক্রম চলমান রয়েছে। | জিটুপি পদ্ধতিতে ভাতা দেয়ার ক্ষেত্রে কতিপয় প্রতারক চক্র বা নিকট আত্নীয় ভাতাভোগীর টাকা উত্তোলন করে নিচ্ছেন এ বিষয়ে ভাতা ভোগীদের সচেতন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>সামাজিক নিরাপত্তার কর্মসূচির আওতায় ইউনিয়ন পরিষদ হতে বয়স্ক, বিধবা ও প্রতিবনধী ভাতার প্রতিস্থাপনের জন্য তালিকা দিতে সংশ্লিষ্টদের অনুরোধ করা হলো।<br>নতুন আবেদনসমূহ জেলা সমাজ সেবা কার্যালয়, বগুড়ায় প্রেরণ করা হবে। | উপজেলা সমাজ সেবা অফিসার উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার মেয়রদ্বয় চেয়ারম্যান (সকল) |

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচক</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>১০</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা</td><td>তিনি জানান যে, অত্র উপজেলার ০৬টি ইউনিয়নে ১৯৪০ জন ভিজিডি উপকারভোগীর মে/২২ মাসের  চাল ৩০ কেজি করে বিতরণ করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুকুলে বরাদ্দ আদেশ প্রদান করা হয়। এছাড়াও উক্ত ভাতাভোগীদেও চুক্তিবদ্ধ এনজিও বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষন কার্যক্রম চলমান রয়েছে। আইজিএ প্রশিক্ষন প্রকল্পের ০২টি ট্রেডে ১৪ ও ১৫তম ব্যাচের ৫০ জন করে মোট ১০০ জন প্রশিক্ষনার্থীদের এপ্রিল/২২ হতে জুন/২২ পর্যন্ত প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে। এছাড়া অন্যান কার্যক্রম সুষ্টুভাবে চলছে।</td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে তাঁর অফিসে সকল প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে ইউপি চেয়ারম্যানদের যথাসময়ে অবহিত করতে অনুরোধ করা হলো।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা</td></tr>
<tr><td>১১</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক</td><td>ক) <u>চলমান কার্যক্রমঃ</u>  অত্র উপজেলায় চলতি আমন ধান/চাল সংগ্রহ/২২ ১৫৭৯ মেঃ টন পাওয়া গেছে। ধান সংগ্রহ মূল্য প্রতি কেজি ২৭/- টাকা। সংগ্রহের সময়সীমা ২৮/০৪/২০২২ হতে ৩১/০৮/২০২২ পর্যন্ত । এ পর্যন্ত ৩৩২৬.৫২০ মেঃ টন চাল সংগ্রহ হয়েছে। সংগ্রহ কার্যক্রম চলমান আছে।<br><br>অত্র উপজেলায় দুপচাঁচিয়া ও তালোড়া এলএসডিতে মোট চালের মজুত ১০২৪১ মেঃ টন নিরাপত্তা  মজুদ আছে।<br><br><u>ও এমএস কার্যক্রমঃ</u><br><br>ওএমএস কার্যক্রম বন্ধ আছে।<br><br><u>খাদ্যবান্ধব কর্মসূচিঃ</u><br><br>খাদ্যবান্ধব কর্মসূচি আগামী সেপ্টেম্বর/২২ প্রান্তিকে শুরু হবে। উপকারভোগী ডিজিটাল ডাটাবেজ কার্যক্রম শুরু হয়েছে।<br><br>ভিজিডি কার্যক্রমঃ<br>অত্র উপজেলায় ১৯৩৮ জন উপকারভোগীর মধ্যে ৫৮.১৪০ মেঃ টন চাল বিতরণ করা হচ্ছে।<br>অত্র উপজেলায় ঈদ উল ফিতরের  ১৪৮১৭ জন উপকারভোগীর মধ্যে ১৪৮.১৭০ মেঃ টন চাল বিতরণ করা হচ্ছে।<br>ভিজিএফ কার্যক্রমঃ<br><u>বাজার দর</u>
<table>
<tr><th>পন্য</th><th>পাইকারী প্রতি কেজি</th><th>খুচরা প্রতি কেজি</th></tr>
<tr><td>ধান  (মোটা)</td><td>২৩-২৪/-</td><td>---</td></tr>
<tr><td>ধান  (মাঝারি)</td><td>২৮-২৯/-</td><td></td></tr>
<tr><td>ধান  (চিকন)</td><td>৩৪-৩৪/৫০</td><td></td></tr>
<tr><td>চাল  (মোটা)</td><td>৩৮/৫০-৩৯/০০</td><td>৩৯-৪০/-</td></tr>
<tr><td>চাল (মাঝারী)</td><td>---</td><td>৪৬-৪৮/-</td></tr>
<tr><td>চাল (চিকন)</td><td>--</td><td>৬০-৬২/-</td></tr>
<tr><td>গম</td><td>---</td><td>৪২-৪৩/-</td></tr>
<tr><td>আটা  (খোলা)</td><td>---</td><td>৪২-৪৪/-</td></tr>
<tr><td>আটা (প্যাকেট)</td><td>--</td><td>৪৬-৪৮/-</td></tr>
<tr><td>চিনি</td><td>---</td><td>৮০-৮২/-</td></tr>
<tr><td>লবণ (খোলা)</td><td>---</td><td>৩০-৩২/-</td></tr>
<tr><td>সয়াবিন তেল (খোলা)</td><td>---</td><td>২০০-২০৫/-</td></tr>
<tr><td>সরিষা তেল (খোলা)</td><td>---</td><td>২১০-২১৫/-</td></tr>
</table></td><td>বাজারে চাল, ডাল, আটাসহ সব ধরণের নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম যৌক্তিক পর্যায়ে রাখতে এবং চাহিদা ও সরবরাহের প্রতি নজর রাখতে  অনুরোধ করা হলো।<br>তার কার্যালয়ের সার্বিক কার্যক্রম স্বাভাবিক রাখতে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচক</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>১২</td><td>উপজেলা সমবায় অফিসার</td><td>তিনি জানান যে, অত্র উপজেলায় ২৮১ টি কার্যকর ও প্রাথমিক সমবায় সমিতি রয়েছে। সমিতির ২০২০-২০২১ সনের অডিট কার্যক্রম চলমান রয়েছে। এপ্রিল/২২ মাসে ২৮১ টি প্রাথমিক সমবায় সমিতি অডিট সম্পাদন হয়েছে। ২০২১-২০২২ সনের অডিট ফি বাবদ ৪৮৭৩০/- টাকা, ১৫% ভ্যাট বাবদ ৭৩১০/- টাকা ও সমবায় উন্নয়ন তহবিল বাবদ ১৭৫৮৫/- টাকা সরকারী কোষাগারে জমা করা হয়েছে।<br>সমবায় বিভাগাধীন আশ্রয়ন প্রকল্প রয়েছে। যাতে ক্রমপুঞ্জিত আদায় ১৩,৬৩৭৫৮/- টাকা এবং ৩২০২৪২/- টাকা ঋন পাওনা রয়েছে। আদায় চলমান।<br>মোড়গ্রাম আশ্রায়ন প্রকল্পে খেলাপী ঋন আদায়ে প্রশাসনের সহযোগিতা কামনা করেন।</td><td>যথাসময়ে ১০০% অডিট সম্পাদন করার সিদ্ধান্ত গ্রহণ করা হলো।<br>পাওনা ঋন আদায়ে তৎপর হওয়া প্রয়োজন।<br>মোড়গ্রাম আশ্রায়ন প্রকল্পে খেলাপী ঋন আদায়ে প্রশাসনের সহযোগিতা কামনা করা হলো।</td><td>উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমবায় অফিসার</td></tr>
<tr><td>১৩</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার</td><td>তিনি জানান যে, অত্র উপজেলা বেকার প্রশিক্ষানান্তে বেকার যুব ও যুব মহিলাদের মাঝে ২০২১-২০২২অর্থ বছরে ৪৯,৫০,০০০/- লক্ষ টাকা যুব ঋন বিতরনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। অর্থ বছরের বিতরণ ৩৭,৭০,০০০/- টাকা। শুরু থেকে এ পর্যন্ত ৪,০৯,৩৭,২০০/- টাকা বিতরণ করা হয়েছে। মাঠে প্রাপ্য ৬৪৪৩২৭৯/- টাকা, মে/২২ মাসে আদায় যোগ্য ২,৪৭,০৯৩/-টাকা, আদায়কৃত ২,৩৩,৩৪১/- কিস্তি খেলাপী হয়েছে ১৩৭৫২/- টাকা, কিস্তি খেলাপী আদায় হয়েছে ১১২৫৫/- টাকা মেয়াদ উত্তীর্ণ খেলাপীর পরিমান ৮,৯৫,০১৬/- টাকা, মেয়াদ উত্তীর্ণ খেলাপী ঋন আদায় হয়েছে ৩০,০৮১/- টাকা, চলমান আদায়ের হার ৯৪.৪৩%, ক্রমপুঞ্জিত আদায়ের হার ৯৬.৬৮%।</td><td>যুব ঋন বিতরণের চেয়ারম্যানদের পরামর্শ গ্রহণ করতে অনুরোধ করা হলো।</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার</td></tr>
<tr><td>১৪</td><td>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য</td><td>তিনি জানান সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ১৫৬টি নলকূপের শতভাগ কাজ সমাপ্ত হয়েছে।<br>মে/২২ ইং মাসে দুপচাঁচিয়া উপজেলায় ৬টি ইউনিয়নে ফিল্ড কিট দ্বারা ২২টি নলকূপের আর্সেনিক পরীক্ষা করা হয়েছে।<br>তৃতীয় পর্যায়ের ভূমিহীনদের নির্মিত ঘরে নলকূপ স্থাপন কাজ ৮০% সম্পূর্ণ হয়েছে।<br>সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ১৪টির টিএসপি কাজ চলমান আছে।<br>পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ১১টি বিদ্যালয়ে ওয়াশব্লক এর কাজ ৭০% হয়েছে।</td><td>তৃতীয় পর্যায়ের ভূমিহীনদের নির্মিত ঘরে নলকূপ স্থাপন কাজ দ্রুত শেষ করতে অনুরোধ করা হলো।</td><td>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য</td></tr>
<tr><td>১৫</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার তাঁর বিভাগের কার্যক্রম প্রসংগে জানান তার বিভাগের মুখ্য কাজ ঋণ দেয়া ও ঋন আদায় করা এ প্রসংগে তিনি যে এপ্রিল/২২ মাসের যে তথ্য দেন। নিম্নে তা উল্লেখ করা হলো।
<table>
<tr><th rowspan="2">কর্জের প্রকার</th><th rowspan="2">কর্জদাদন</th><th rowspan="2">কর্জ আদায়</th><th rowspan="2">আদায়ের হার</th><th colspan="3">বাকী</th></tr>
<tr><th>চলতি</th><th>খেলাপী</th><th>মোট</th></tr>
<tr><td>স্বল্প মেয়াদী ফসলী</td><td>০</td><td>০</td><td>৯৯%</td><td>০</td><td>১.৭৭</td><td>১.৭৭</td></tr>
<tr><td>নিজস্ব তহবিল</td><td>৫৮.৪১</td><td>০.৪৬</td><td>৭%</td><td>১২.৪০</td><td>০</td><td>১২.৪০</td></tr>
<tr><td>মেয়াদী সেচ যন্ত্র</td><td>৮৬.৯৭</td><td>০</td><td>৯৮%</td><td>০</td><td>১.৬৪</td><td>১.৬৪</td></tr>
<tr><td>আবর্তক কৃষি</td><td>৯৭১.৪৯</td><td>৮৬.৫৭</td><td>৭৮%</td><td>৬৯.১২</td><td>২.০০</td><td>৭১.১২</td></tr>
<tr><td>সদাবিক</td><td>১১০২.১২</td><td>৯৫.৩৩</td><td>৯৩%</td><td>৯৫.০১</td><td>২৫.২১</td><td>১২০.২২</td></tr>
<tr><td>পল্লী প্রগতি</td><td>৩৪৪.৯৪</td><td>৩০.৯৫</td><td>-</td><td>৩৩.৮১</td><td>১.৫৭</td><td>৩৫.৩৮</td></tr>
</table></td><td>পল্লী উন্নয়ন বিভাগের ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার করতে তাগিদ দেয়া হলো।<br>মেয়াদোত্তীর্ণ ঋণের টাকা আদায়ে উপজেলা নির্বাহী অফিসারের সহযোহিতা কামনা করা হলো।<br>পল্লী ভবনের প্রশিক্ষন হল রুমটি সংস্কার করার বিষয়ে আগামী সভায় বিস্তারিত আলোচনা করতে অনুরোধ করা হলো।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচক</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td></td><td>
<table>
<tr><td>আদর্শ গ্রাম</td><td>১১.৩৯</td><td>০</td><td>-</td><td>১.৬৫</td><td>০</td><td>১.৬৫</td></tr>
<tr><td>অসচ্ছল মুক্তিযোদ্ধা</td><td>৩৩.৩৫</td><td>২.৯০</td><td>৮৬%</td><td>৬.৭৩</td><td>০.৬৫</td><td>৭.৩৮</td></tr>
<tr><td>অপ্রধান শস্য</td><td>৭১.৭১</td><td>৬.৪৩</td><td>৫০%</td><td>৪৮.৯৫</td><td>০</td><td>৪৮.৯৫</td></tr>
<tr><td>গুচ্ছগ্রাম</td><td>১০.১৮</td><td>৩.৬৫</td><td>৯১%</td><td>৪.৫০</td><td>০</td><td>৪.৫০</td></tr>
<tr><td>মোট</td><td>২৬৫.৯২</td><td>২২৮.২৯</td><td>৮৬%</td><td>২৭২.১৭</td><td>৩২.৮৪</td><td>৩০৫.০১</td></tr>
</table>
সভায় উপজেলা পল্লী উন্নয়ন অফিসার আরও জানান যে, বিআরডিবি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে বিআরডিবি'র সকল কর্মসূচির মোট মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমান ৩২.৮৮ লক্ষ টাকা। তিনি মেয়াদোত্তীর্ণ ঋনের টাকা আদায়ে সকলের সহযোগিতা কামনা করেন।<br>
সভায় তিনি আরও জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর পল্লী ভবনের প্রশিক্ষন হল রুমটি সংস্কার করা প্রয়োজন। এমতাবস্থায় উক্ত হলরুমটি সংস্কার করে ব্যবহার উপযোগী করার জন্য এবং সমবায়ীদের মানসম্মত প্রশিক্ষন প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।
</td><td></td><td></td></tr>
<tr><td>১৬</td><td>ম্যানেজার পল্লী সঞ্চয় ব্যাংক</td><td>
তিনি জানান তার অফিসের নিম্নরুপ কার্যক্রম বর্ণনা করেনঃ<br>
সমিতির সংখ্যাঃ ১৪২ টি, সদস্য অন্তর্ভূক্তিঃ ৮৩২০ জন, অনলাইনে এন্ট্রি হয়েছেঃ ৮৩২০ জন<br>
মোট ক্রমপুঞ্জিত সঞ্চয় ঃ ৪৯১.৮৫ টাকা।<br>
মোট ক্রমপুঞ্জিত ঋন বিতরণঃ ৩১২৩.৩২ লক্ষ টাকা, মোট ক্রমপুঞ্জিত ঋন আদায় ঃ ২৩৭০.৭৯ লক্ষ টাকা, মোট ক্রমপুজিত প্রকল্প সংখ্যাঃ ৯৭২৫ জন<br>
সম্পদ বিতরণঃ টাকার পরিমান<br>
১. গরু বিতরণ ঃ ১০০টি -১০০ জন ২০.০০<br>
২. ঢেউটিন বিতরণ ১০০ বান্ডিল -৪৪জন ৪.৪০<br>
৩. হাঁস-মুরগী বিতরণ -৩০ জন ১.৫০<br>
৪. চারাগাছ বিতরন -৯০ জন .৯০<br>
৫. সবজি বীজ বিতরণ ১২০ জন ১.২০<br>
মোট=৩৫৪ জন ২৮.০০ লক্ষ টাকা<br>
বিতরণকৃত সম্পদ হতে আদায় ঃ ৮.১১ লক্ষ টাকা, সমিতির শেয়ার আদায় ঃ ১.০৪<br>
উপজেলার মোট তহবিল ১৫৭৮.৮১ লক্ষ টাকা।
</td><td>ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংককে ঋন বিতরণ ও ঋন আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে অনুরোধ করা হলো।</td><td>ম্যানেজার পল্লী সঞ্চয় ব্যাংক</td></tr>
<tr><td>১৭</td><td>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা</td><td>
তিনি তার অফিসের নিম্নরুপ কার্যক্রম বর্ণনা করেনঃ
<table>
<tr><th>বিবরণ</th><th>২০২১-২০২২ অর্থ বছরের এপ্রিল/২২ মাস পর্যন্ত অগ্রগতি</th></tr>
<tr><td>সদস্য সংখ্যা</td><td>৩৩৬০ জন</td></tr>
<tr><td>পুজিগঠন (সকল সঞ্চয়)</td><td>৪১২.৮৬ টাকা</td></tr>
<tr><td>ঋন বিতরণ</td><td>৬৩৮.৩৬ টাকা</td></tr>
<tr><td>ঋন আদায়</td><td>৬৮৬৬.২৬ টাকা</td></tr>
<tr><td>আদায়ের হার</td><td>৯৮%</td></tr>
<tr><td>খেলাপী ঋন (চলতি বছরে)</td><td>৯.০৯ টাকা</td></tr>
<tr><td>মাঠে পাওনা ঋন</td><td>৬৮৯.৭৩</td></tr>
<tr><td>স্বয়ম্ভরতার হার<br>স্বয়ম্ভরতার হার</td><td>১০৮%<br>৮৭%</td></tr>
</table>
</td><td>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তাকে ঋন বিতরণ ও ঋন আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে করতে অনুরোধ করা হলো।</td><td></td></tr>
</table>

| ক্রঃ নং | আলোচক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৮ | চেয়ারম্যান সদর ইউ পি | তিনি জানান যে, জনাব মোঃ আনিছুর রহমানের ইট ভাটার অদক্ষ ব্যবস্থাপনার কারণে কারণে আমার ইউপির অন্তগত ধানসহ বিভিন্ন কৃষি ফসলের অনেক ক্ষতি হয়েছে। উক্ত ইট ভাটা মালিকের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার অনুরোধ জানান।<br>এছাড়াও আরও জানান যে, দুপচাঁচিয়া ইউপি'র রাজস্ব আয় বাড়ানোর জন্য ভ্যান, অটোরিক্সা, অটো চার্জারের লাইসেন্স ফি গুলো ইউনিয়ন পরিষদ হতে সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো। | জনাব মোঃ আনিছুর রহমানের ইট ভাটায় মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো। | উপজেলা নির্বাহী অফিসার ও চেয়ারম্যান সদর ইউ পি |
| ১৯ | চেয়ারম্যান চামরুল ইউপি | তিনি চামরুল ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে অবাধ, সুষ্ঠ নিরপেক্ষ নির্বাচন উপহার দেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। চামরুল ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মানে দ্রুত অনুমোদনের বিষয়ে উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসারের সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে চামরুল ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মানে দ্রুত অনুমোদনের বিষয়ে উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসারের সহযোগিতা কামনা করা হলো। | উপজেলা নির্বাহী অফিসার, চেয়ারম্যান দুপচাঁচিয়া চামরুল ইউপি |
| ২০ | চেয়ারম্যান গুনাহার ইউপি | তিনি জানান যে, অত্র উপজেলা পরিষদের পৌরসভার নির্বাচিত মেয়রদ্বয় সদস্য হলেও তারা অত্র মাসিক সাধারণ সভায় আসছেন না এ বিষয়ে তাদেরকে অত্র সভায় আসার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ জানান।<br>তিনি জন্ম নিবন্ধন সংশোধনের বিষয়ে জনগণের ভোগান্তি এড়াতে প্রয়োজনীয় পদক্ষেপ দ্রুত নিতে অনুরোধ জানান।<br>তিনি ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন দ্রুত মেরামত করার দাবি জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পৌরসভার নির্বাচিত মেয়রদ্বয় অত্র সভায় নিয়মিত আসার তাগিদ পত্র দেয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।<br>জন্ম নিবন্ধন সংশোধনের বিষয়ে জনগণের ভোগান্তি এড়াতে প্রয়োজনীয় পদক্ষেপ দ্রুত নিতে উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হলো। | সভাপতি চেয়ারম্যান গুনাহার ইউপি |
| ২১ | চেয়ারম্যান গোবিন্দপুর ইউপি ইউপি | তিনি জানান যে,পুকুর খননের নামে বরেন্দ্র কর্তৃপক্ষ অবৈধভাবে বালু উত্তোলন করছে। এ বিষয়ে বরেন্দ্র কর্তৃপক্ষকে নোটিশ দিয়ে বালু উত্তোলন বন্ধের ব্যবস্থা নিতে অনুরোধ জানান।<br>যানবাহন লাইসেন্স ফিস অর্থ ইউনিয়ন পরিষদের রাজস্ব খাতে জমা হয় কিন্তু বর্তমানে যানবাহনের লাইসেন্সে পৌরসভার জন্য আদায় করা হয় না। এমতাবস্থায় স্থানীয় ইউনিয়ন পরিষদ কর্তৃক উক্ত লাইসেন্স আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।<br>উপজেলা পরিষদের সামনের রাস্তা মেরামত করার দাবি জানান।<br>এ্যারামতি খালের সংস্কার করার অনুরোধ জানান। | সভায় বিস্তারিত আলেচনান্তে বালু উত্তোলন বন্ধে বরেন্দ্র কর্তৃপক্ষকে নোটিশ দেয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হলো।<br>গোবিন্দপুর ইউপি'র রাজস্ব আয় বাড়ানোর স্বার্থে<br>ভ্যান, অটোরিক্সা, অটো চার্জারের লাইসেন্স ফি গুলো সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ হতে সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো। | চেয়ারম্যান গোবিন্দপুর ইউপি ও উপজেলা প্রকৌশলী |
| ২২ | চেয়ারম্যান তালোড়া ইউপি | তিনি জানান যে, তালোড়া ইউপির রাজস্ব আয় তেমন নেই বললেই চলে। এছাড়াও ইউনিয়ন পরিষদের অন্যতম রাজস্ব আয় ভ্যান, অটোরিক্সা, অটো চার্জারের লাইসেন্স ফি গুলো পৌরসভা কর্তৃক জোরপূর্বক আদায় করে এবং ইউনিয়ন তার রাজস্ব আয় হতে বঞ্চিত হয়। তাই ইউনিয়ন পরিষদ হতে রাজস্ব আয় বৃদ্ধিও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ জানান।<br>তালোড়া ইউনিয়ন পরিষদের ভবন নির্মানের কার্যক্রম বেগবান করতে অনুরোধ জানান। | ভ্যান, অটোরিক্সা, অটো চার্জারের লাইসেন্স ফি গুলো সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ হতে সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।<br>তালোড়া ইউনিয়ন পরিষদের ভবন নির্মানের কার্যক্রম দ্রুত করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাহী অফিসার উপজেলা প্রকৌশলী চেয়ারম্যান তালোড়া ইউ পি |

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচক</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>২৩</td><td>উপজেলা নির্বাহী অফিসার</td><td>তিনি উপজেলা পরিষদের ২০২০-২০২১ অর্থ বছরের প্রকৃত বাজেট, ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০২২-২০২৩ অর্থ বৎসরের প্রস্তাবিত বাজেট সভায় অনুমোদনের জন্য পেশ করেন যা (পরিশিষ্ট 'গ') তে দ্রষ্টব্য।</td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা উপজেলা পরিষদের ২০২০-২০২১ অর্থ বছরের প্রকৃত বাজেট, ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০২২-২০২৩ অর্থ বৎসরের প্রস্তাবিত বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহিত হয়।</td><td>সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার সদস্য (সকল)</td></tr>
<tr><td>২৪</td><td>বিবিধ ব্যয়</td><td><u>আলোচনা -১</u><br>সভাপতি জানান যে, ইউএনও উপজেলা পরিষদে অডিটোরিয়ামের একাউন্ট নং ৩৪৫১০৪৮, কনজ্যুমার নং ৮৪০১০৪২৬, মিটার নং ৫১৫২৮১৬৬ এর মে/২২ মাসের বিদ্যুৎ বিল ১২২৭/- (এক হাজার দুই শত সাতাশ) টাকা) টাকা।<br>ইউএনও উপজেলা পরিষদের একাউন্ট নং ৩১৭১০১৭, কনজ্যুমার নং ৮৪০১০৪২২, মিটার নং ৯১০৫৬৮ এর মে/২২ মাসের বিদ্যুৎ বিল ৬৩/- (তেষট্টি) টাকা।<br>ইউএনও উপজেলা পরিষদের পাম্প হাউজের মিটার নং ৩৩৯৯৩৯ কনজ্যুমার নং ৮৪০০১৮৫০, মিটার নং ১৪৪৮৫২১৮ এর মে/২২ মাসের বিদ্যুৎ বিল ৩৭৪৪০/- (তেষট্টি) টাকা।<br>উক্ত ০৩টি বিল পরিশোধ করার প্রস্তাব করেন।</td><td><u>সিদ্ধান্ত-১</u><br>সভায় বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত ০৩টি মিটারের মে/২২ মাসের বিদ্যুৎ বিলগুলো পরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।</td><td>সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
<tr><td>২৫</td><td>রক্ষণাবেক্ষণ ও রাজস্ব ব্যয় অনুমোদন প্রসংগে</td><td>উপজেলা নির্বাহী অফিসার মহোদয় জানান উপজেলা পরিষদ কার্যালয়ের দৈনন্দিন ও অন্যান্য কার্যাবলী পরিচালনা করতে মে/২২ মাসের ৩১/০৫/২০২২ তারিখ হতে জুন/২২ মাসের ১৫/০৬/২০২০ পর্যন্ত নিম্নরুপ ব্যয় অনুমোদনের জন্য উপস্থাপন/পেশ করা হলোঃ-<br>মে/২২ মাসের ৩১/০৫/২০২২ তারিখ হতে জুন/২২ মাসের ১৫/০৬/২০২০ পর্যন্তঃ
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিবরণ</th><th>টাকার পরিমান</th></tr>
<tr><td>১</td><td>জুন/২২ মাসের আপ্যায়ন বিল</td><td>৩০,০০০/-</td></tr>
<tr><td>২</td><td>জুন/২২ মাসের আনুষাঙ্গিক বিল</td><td>৫,০০০/-</td></tr>
<tr><td>৩</td><td>উপজেলা পরিষদের ১৪২৮ সনে ৮.১১ একক জায়গায় ভূমি উন্নয়ন কর পরিশোধ</td><td>১৬২২০/-</td></tr>
<tr><td>৪</td><td>নিবির-২ ইউনিট মেরামতের সংস্কারের ব্যয়</td><td>২৪৮০০/-</td></tr>
</table></td><td>সভায় উপজেলার রাজস্ব ব্যয় ২০২১-২০২২ অর্থ মে/২২ মাসের ৩১/০৫/২০২২ তারিখ হতে জুন/২২ মাসের ১৫/০৬/২০২০ পর্যন্তঃ<br>নিম্নরুপ ব্যয় =১,২০,৩৫১/-(এক লক্ষ কুড়ি হাজার তিনশত একান্ন) টাকা মাত্র অনুমোদন প্রসংগে বিস্তারিত আলোচনা করা হয়।<br>উক্ত ব্যয় রক্ষণাবেক্ষণ ও রাজস্ব ব্যয় যুক্তিযুক্ত ও যথাযথ হওয়ায় সভায় উপস্থিত সদস্যগণ উক্ত ব্যয় অনুমোদনে সম্মতি প্রদান করেন। উক্ত ব্যয় ২০২১-২২ অর্থ বছরের উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নির্বাহ করতে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।</td><td>সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
<tr><td>২৬</td><td>উপজেলা নির্বাহী অফিসার</td><td>তিনি জানান অবৈধ ক্লিনিকগুলোতে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত থাকবে।<br>মেয়রদ্বয়সহ সকল সদস্যকে যথাসময়ে উপস্থিত থাকতে অনুরোধ জানান।<br>সকল ইউপি'র রাজস্ব আয় বাড়ানোর স্বার্থে ভ্যান, অটোরিক্সা, অটো চার্জারের লাইসেন্স ফি গুলো ইউনিয়ন পরিষদ হতে সরবরাহের উদ্যোগ গ্রহণ করা হবে।<br>তিনি বাল্য বিবাহ, ইভটিজিং, নারী নির্যাতন বন্ধে সকল জনপ্রতিনিধিকে তথ্য দিয়ে সহযোগীতা করতে অনুরোধ জানান।<br>দ্রব্য মূল্যের দাম নিয়ন্ত্রনে রাখতে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রয়েছে।</td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে সকল ইউপি'র রাজস্ব আয় বাড়ানোর স্বার্থে ভ্যান, অটোরিক্সা, অটো চার্জারের লাইসেন্স ফি গুলো ইউনিয়ন পরিষদ হতে সরবরাহের উদ্যোগ গ্রহণ করতে অনুরোধ করা হলো।<br>পৌরসভার সাথে সমন্বয় করে সভা আহবান করতে হবে।<br>আগামী সভায় মেয়রদ্বয়কে জরুরী তাগিদ প্রদান করতে হবে।<br>বাল্য বিবাহ, ইভটিজিং, নারী নির্যাতন বন্ধে সকল জনপ্রতিনিধিকে তথ্য দিয়ে সহযোগীতা করতে অনুরোধ করা হলো।</td><td>ইউপি চেয়ারম্যানগণ এবং সদস্য (সকল)</td></tr>
</table>

সভাপতি জানান যে, সকল ইউপি'র রাজস্ব আয় বাড়ানোর স্বার্থে ভ্যান, অটোরিক্সা, অটো চার্জারের লাইসেন্স ফি গুলো ইউনিয়ন পরিষদ হতে সরবরাহের উদ্যোগ গ্রহণ করতে অনুরোধ জানান এ বিষয়ে পৌরসভার দুটির সাথে সমন্বয় করতে হবে। প্রত্যেক বিভাগীয় প্রধানকে তার স্ব-স্ব বিভাগীয় কাজের অগ্রগতির প্রতিবেদনসহ সভায় যথাসময়ে উপস্থিত থাকতে অনুরোধ করেন এবং ইউপি চেয়ারম্যানগনকে সংশ্লিষ্ট ইউপি উন্নয়নমূলক কাজের অগ্রগতি ও প্রকল্প বাস্তবায়নে তথ্যাদি সহ সভায় উপস্থিত থাকতে অনুরোধ করা হয়। এছাড়া অত্র উপজেলার উন্নয়নে সবাইকে মিলেমিশে একসাথে কাজ করার পরামর্শ প্রদান করেন।

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্য বৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫/০৬/২২

(মোঃ ফজলুল হক প্রামানিক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
এবং
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
দুপচাঁচিয়া,বগুড়া।
দূরভাষঃ০৫০২৪-৫১০১৯
Email: chairmanuzpd@gmail.com

উপজেলা পরিষদ কার্যালয়
দুপচাঁচিয়া, বগুড়া।

স্মারক সংখ্যা ঃ ০৫.৫০.১০৩৩.০০০.১৭.০১৫.২০২২-৪৬ (৪৫) তারিখঃ ১৫/০৬/২০২২ খ্রিঃ।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ-**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, রাজশাহী।
৩। জেলা প্রশাসক, বগুড়া।
৪। ভাইস-চেয়ারম্যান/ভাইস -চেয়ারম্যান মহিলা, উপজেলা পরিষদ, দুপচাঁচিয়া, বগুড়া।
৫। মেয়র, দুপচাঁচিয়া/তালোড়া পৌরসভা, দুপচাঁচিয়া, বগুড়া।
৬। উপজেলা -------------------------------- কর্মকর্তা, দুপচাঁচিয়া, বগুড়া।
৭। চেয়ারম্যান-------------------------------- ইউপি (সকল), দুপচাঁচিয়া, বগুড়া।
৮। জনাব -----------------------------------দুপচাঁচিয়া, বগুড়া।

(মোঃ সুমন জিহাদী)
উপজেলা নির্বাহী অফিসার
দুপচাঁচিয়া, বগুড়া।
ফোনঃ ০৫০২৪৫১০০১।
E-mail-unodupchanchia@mopa.gov.bd